শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | কেয়া খান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২১/০৩/২০২৪ |
| সভার সময় | ১২:৩০ |
| স্থান | ৯ম তলার কম্পিউটার ল্যাব। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় ।বিগত সভার কার্যবিবরণী সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সদস্য সচিব সভায় কেবিনেট কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ এ সূচক সমূহ পাঠ করে শোনান। এই অর্থবছরে এপিএ'র সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ের ওয়েবসাইট ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ১.১ অনুযায়ী জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টাল ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। প্রতি ত্রৈমাসিকে জেলা হতে উপজেলা সমূহের সমন্বিত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮-০৩-২০২৪
কেয়া খান
মহাপরিচালক
০২-৪৮৩১৯১৪৯
dwadhaka@gmail.com

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩২.০১.০০০০.০১৯.০৬.১৫৬.২২.২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, প্রশাসন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ই-সার্ভিস কর্মসূচী, মহিলা বিষয়ক অধিদপ্তর;

৩। উপপরিচালক (সকল) জেলা পর্যায় এপিএ এবং

৪। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ওয়েব সাইট), উপ-পরিচালক (ম্যাজিঃ), ঢাকা বিভাগীয় কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর।

২৮-০৩-২০২৪
কেয়া খান
মহাপরিচালক